



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১ জুলাই ২০১৭ খ্রি.

গত ২৪ জুন চট্টগ্রাম মেডিকেল কলেজ ও হাসপাতালের ক্যাজুয়াল্টি ওয়ার্ডে উত্তর জেলা আওয়ামীলীগের অর্থ সম্পাদক ও রাউজানের উপজেলা চেয়ারম্যান এহসানুল হায়দার চৌধুরী বাবুলের সাথে ইন্টার্নী চিকিৎসকের যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে তা নিরসনে আজ ১ জুলাই ২০১৭ খ্রি. সন্ধ্যায় মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ও বিএমএ চট্টগ্রাম শাখার সভাপতি অধ্যাপক ডা. মুজিবুল হক খান, সাধারণ সম্পাদক ডা. মো. ফয়সল ইকবাল চৌধুরী, সাংগঠনিক সম্পাদক ডা. এস এম মুইজুল আকবর চৌধুরীর উপস্থিতিতে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উভয় পক্ষের সাথে আলোচনার পর ভুল বুঝাবুঝির অবসান ঘটে। উক্ত ঘটনাকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যম ও পত্র পত্রিকায় যে প্রচার প্রচারণা হয় তার সাথে ইন্টার্নী চিকিৎসকরা কোন ভাবেই সম্পৃক্ত নয় এবং এতে যদি এহসানুল হায়দার চৌধুরী বাবুলের সামাজিক মর্যাদা ও সম্মানহানী ঘটে তাতে সকলে সমভাবে ব্যথিত।

উক্ত আলোচনায় উপস্থিত ছিলেন চমেক ছাত্রলীগের সভাপতি ডা. তারিফুল ইসলাম রাতিন, চমেক ছাত্র সংসদের ভিপি ডা. আরমান উল্লাহ চৌধুরী, আই.ডি.এ এর আহবায়ক ডা. রিয়াজ উদ্দিন মিতুল ও সদস্য সচিব ডা. গোলাম দস্তগীর প্রিন্স।

চট্টগ্রাম- ০১ জুলাই ২০১৭খ্রি.

সাবেক মন্ত্রী জহর আহমদ চৌধুরীর কবরে সিটি মেয়রের শ্রদ্ধা নিবেদন

সাবেক মন্ত্রী, জননেতা ও মহান মুক্তিযুদ্ধের পূর্বাঞ্চলীয় চেয়ারম্যান ও বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর মরহুম জহর আহমদ চৌধুরীর ৪৩ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে ১ জুলাই ২০১৭ খ্রি. শনিবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন মরহুম জহর আহমদ চৌধুরী কবর জেয়ারত, ফাতেহা পাঠ, মোনাজাত ও ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় মেয়র বলেন, ত্যাগী ও পরিষ্কিত নেতাদের জীবন অনুসরণ করে বর্তমান ও আগামী প্রজন্মকে দেশপ্রেমে উদ্বুদ্ধ হতে হবে। সাবেক মন্ত্রীর কবর জেয়ারতের সময় মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা শেখ মাহমুদ ইসহাক, সাবেক কাউন্সিলর মো. শহিদুল আলম, শ্রমিক নেতা শফি বাঙালি, কোতোয়ালী থানা আওয়ামীলীগের নির্বাহী সদস্য আহমদ ছোবহান ও যুবলীগ নেতা ফরিদ আহমদ সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০১ জুলাই ২০১৭খ্রি.

২৭নং ওয়ার্ডে আরাশকা প্রতিনিধিদের সাথে মতবিনিময় করলেন সিটি মেয়র

১ জুলাই ২০১৭ খ্রি. শনিবার সকালে ২৭নং ওয়ার্ড কার্যালয়ে আরাশকা প্রতিনিধিদের সাথে মতবিনিময় করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। মতবিনিময়কালে মেয়র বলেন, মহেশখালের উপর পানির চাপ কমানোর জন্য ইতোমধ্যে জহর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন খাল খননের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে এবং নালা-নর্দমা সংস্কারের কাজ চলছে। মেয়র আশা করেন, খাল খনন ও সংস্কারের কাজ সম্পন্ন হলে এলাকাবাসী জলাবদ্ধতার অভিশাপ থেকে কিছুটা হলেও মুক্তি পাবে। এ সময় আরাশকার প্রতিনিধি দল মেয়রের নিকট কয়েকটি দাবী উত্থাপন করলে মেয়র দাবীগুলো বিবেচনার আশ্বাস দেন। এ সময় ২৭নং ওয়ার্ড কাউন্সিলর এইচ এম সোহেল, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মো. আবুল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, নির্বাহী প্রকৌশলী আবু সাদাত মো. তৈয়ব, অসীম বড়ুয়া, সুদীপ বসাক, বিপ্লব দাশ, মেয়রের একান্ত সহকারী সচিব রায়হান ইউসুফ, আরাশকার সভাপতি মো. সিরাজ উদ্দিন, সিজেকেএসএ'র সহ সভাপতি মোজাম্মেল হক, হাজী

শাহ আলম, আহমদ কবির, সূমন দেবনাথ, হুমায়ূন কবির, হাজী রফিক, ইব্রাহিম হোসেন বাবুল, মো. নাহিদ, মো. লিটন, মো. সূমন, আবদুল হালিম, জান মোহাম্মদ সহ স্থানীয় রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা